



নতুন ধারার সৈমিক

আমাদের মঞ্চ

২৩-১২-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এসিবিএসপির স্বীকৃতি লাভ

অনলাইন তেক্ষণ

২৩ ডিসেম্বর ২০২৪, ১১:০২ এএম

FACULTY OF BUSINESS AND ECONOMICS OF EWU
RECEIVES PRESTIGIOUS
ACCREDITATION

ACBSP
GLOBAL BUSINESS
ACCREDITATION

ACCREDITATION COUNCIL FOR BUSINESS
SCHOOLS PROGRAMS (ACBSP)

www.acbsp.org
Facebook.com/acbsp
@acbsp.org

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসায় এবং অর্থনীতি অনুষদ কোনো শর্ত ছাড়াই আক্রিডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস প্রোগ্রামস-এসিবিএসপির আগামী দশ বছরের জন্য স্বীকৃতি লাভ করেছে। গত অক্টোবর মাসে সংস্থাটির প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয় পরিদর্শনে করে এবং সম্প্রতি এই স্বীকৃতির ঘোষণা দেয়। এসিবিএসপি মার্কিন যুক্তরাষ্ট্রের একটি স্বীকৃতি সংস্থা যা কাউন্সিল ফর হায়ার এডুকেশন আক্রিডিটেশন দ্বারা অনুমোদিত।

এই স্বীকৃতির ফলে ব্যবসায় এবং অর্থনীতি অনুষদের শিক্ষক, শিক্ষার্থী এবং তাদের অর্জিত ডিগ্রিগুলো আন্তর্জাতিকভাবে অনেক বেশি গ্রহণযোগ্য হয়ে উঠবে। একইসঙ্গে শিক্ষার্থীরা বিশ্বব্যাপী চাকরির বাজারে নিজেদের আরও মোগা হিসেবে উপস্থাপন করতে পারবেন। এ ছাড়া, বিশ্ববিদ্যালয়টি তাদের চিকিৎসা সেবা সম্প্রসারণের জন্য জরুরী আয়ুলেন্স সেবা চালু করেছে।

গতকাল রবিবার সকালে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউজ্জিন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমানের হাতে আয়ুলেন্সের চাবি হস্তান্তর করেন। এ সময় ট্রাস্টি বোর্ডের সদস্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং মেডিক্যাল অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

এ সময় উপাচার্য বলেন, এসিবিএসপির স্বীকৃতি আমরা যে আন্তর্জাতিক মানের ব্যবসা শিক্ষা দেই তার স্বচেতো বড় প্রমাণ। এটি আমাদের ছাত্র এবং শিক্ষকদের জন্য নতুন সুযোগ সৃষ্টি এবং তাদের উৎসাহিত করবে। আর আয়ুলেন্স সার্টিস চালু করাতে আমরা যে জরুরি স্বাস্থ্য সেবা নিশ্চিতে সচেষ্ট আমাদের সেই অঙ্গীকারকে অর্থবহু করে তুলবে।